নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪৩০ ২৬ জানুয়ারি ২০২৬

## সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে ম্যালেরিয়া প্রতিরোধে জিনোমিক সার্ভেইলেন্স প্রতিষ্ঠা বিষয়ক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে ম্যালেরিয়া প্রতিরোধে জিনোমিক সার্ভেইলেন্স প্রতিষ্ঠা বিষয়ক 'Training on Establishing genomic Surveillance for early warning of antimalarial drug resistance in Bangladesh' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২৬ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বাংলাদেশে স্বাস্থ্যসেবায় অনেক উন্নতি সাধিত হয়েছে। কিন্তু যত্রতত্র এন্টিবায়োটিকের ব্যবহার বিষয়ে সচেতনতা গড়ে তুলতে হবে। একই সঙ্গে চিকিৎসকের পরামর্শ ব্যতীত ঔষধ সেবন করা যাবে না। স্বাস্থ্য সচেতনতার ক্ষেত্রে আমাদের যার যার অবস্থান থেকে কাজ করতে হবে। স্বাস্থ্যের বিষয়ে সচেতন হলে আমরা আর্থিক ক্ষতির মুখেও কম পড়বো।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। এতে রিসোর্স পার্সন ছিলেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) ইনফেকশাস ডিজিস ডিভিশনের এনটেরিক এন্ড রেসপিরেটরি ইনফেকশন্সের এসিসট্যান্ট সায়েন্টিস্ট ড. জেসমিন আক্তার ও নোবিপ্রবি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারের চীফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ও বিজিই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মফিজুল ইসলাম। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

প্রশিক্ষণে নোবিপ্রবির জীববিজ্ঞান অনুষদের ফ্যাকাল্টি মেম্বার এবং পিএইচডি অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪